

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.১০১.১১.০৩১.১৫


তারিখ : ২১-১১-২০১৭ খ্রিঃ।

বিষয় : ইরাকের Shems Biladi Co for Food Industries Ltd এর অধীনে General labour পদে ১০ (দশ) জন পুরুষ কর্মীর Ok To Board এবং On Arrival ভিসায় ফ্লাইট অনুমতি ও বহির্গমন ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী ফ্যামেক্স ট্রেড এসোসিয়েট লিঃ (আরএল-৩৭৮)-এর আবেদনের প্রেক্ষিতে Shems Biladi Co for Food Industries Ltd -এর অধীনে গত ২৪-১০-২০১৭ খ্রিঃ তারিখে ৪৯.০০১.১০৫৯.০০.০০.২৬১.২০১৪.৭২১ নং স্মারকে (কপি সংযুক্ত) নিয়োগানুমতি প্রদত্ত General Labors পদে ১০ (দশ) জন কর্মীকে Ok To Board এবং On Arrival ভিসায় বহির্গমন ছাড়পত্র প্রদান ও ফ্লাইট অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল :

শর্তাবলী :


- (ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে ইরাক যাবেন অথবা ইরাক বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধিকে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে।
- (খ) সংশ্লিষ্ট এয়ার লাইস কর্তৃক প্রদত্ত Ok To Board থাকার বিষয়টি বিএমইটি নিশ্চিত করবে।
- (গ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী ইরাকে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- (ঘ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- (ঙ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- (চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাভাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- (ছ) কর্মীদের প্রত্যেককে ইরাকের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে স্বেচ্ছায় ইরাক গমন করছেন মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার ও ঘোষণা পত্র দাখিল করতে হবে।
- (জ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,২৯,৫৪০/- (এক লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- (ঝ) চাকরির শর্তাবলী ইরাকের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- (ঞ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- (ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- (ঠ) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্ক পরীক্ষা করবে।
- (ড) ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।


(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন : ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, বাগদাদ, ইরাক।
৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. যুগ্মসচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. ব্যবস্থাপনা পরিচালক, ফ্যামেক্স ট্রেড এসোসিয়েটস লিঃ, বাড়ী নং-৭, রোড-৫, ব্লক-আই, বনানী, ঢাকা-১২১৩।
৮. অফিস কপি।


(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন : ০২৪-৮৩২২৫১৯